সংবাদ

তারিখ · 02 OCT 2016 ·
পৃষ্ঠা ·১৫· কলাম ·৭·

# বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয় আরও ৬টি নতুন বিভাগ একটি অনুষদ অনুমোদন

নিজস্ব বার্তা পরিবেশক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) আরও ছয়টি নতুন বিভাগ ও একটি অনুষদের অনুমোদন দেয়া হয়। নতুন বিভাগগুলো হলো, রেসপিরেটরি মেডিসিন, পেডিয়াট্রিক নিউরোলজি, প্যালিয়েটিভ কেয়ার মেডিসিন, প্যাডিয়াট্রিক কার্ডিওলজি, পেডোডনটিকস ও মেডিসিন এডুকেশন অ্যান্ড বায়ো স্ট্যাটিসটিকস বিভাগ। এছাড়া বিশ্ববিদ্যালয়ের শিশু বিভাগগুলো নিয়ে শিশু অনুষদ চালুর অনুমোদন দেয়া হয়।

গতকাল বিশ্ববিদ্যালয়ের বি ব্লকের নিচতলায় ডা. মিল্টন হলে বিএসএমএমইউ'র ৬৩তম সিন্ডিকেট সভায় এই অনুমোদন দেয়া হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মো. শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মো. শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ.এস.এম জাকারিয়া (স্বপন),, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আবদুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মো. হাবিবুর রহমান দুলাল প্রমুখসহ সম্মানিত সিন্ডিকেট সদস্যরা উপস্থিত ছিলেন।

**প্রবীণ দিবস পালিত :** প্রবীণদের জন্য বিশেষ সুযোগ-সুবিধাসম্বলিত চিকিৎসাসেবা ব্যবস্থা চালু করার পরিকল্পনা রয়েছে বিএসএমএমইউ কর্তৃপক্ষের।

গতকাল আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে আয়োজিত এক বৈজ্ঞানিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ কথা জানান অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বিশ্ববিদ্যালয়ের ডি ব্লকের ১৭ তলায় ইন্টারনাল মেডিসিন বিভাগের ক্লাসরুমে অনুষ্ঠিত এই বৈজ্ঞানিক সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মো. শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মো. শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া (স্বপন)। স্বাগত বক্তব্য রাখেন মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. এবিএম আবদুল্লাহ। সভাপতিত্ব করবেন ইন্টারনাল মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. মো. আবদুর রহিম। বৈজ্ঞানিক নিবন্ধ উপস্থাপন করেন জেরিয়াট্রিক মেডিসিন উইং প্রধান অধ্যাপক ডা. মো. জিলন মিঞা সরকার। 'আমাদের পথচলা' শীর্ষক প্রামাণ্য উপস্থাপনা করেন সহযোগী অধ্যাপক ডা. মোহাম্মদ তানভীর ইসলাম। ধন্যবাদ জ্ঞাপন করেন সহযোগী অধ্যাপক ডা. মো. রফিকুল আলম। অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, গড় আয়ু বেড়ে যাওয়ার কারণে প্রবীণদের সংখ্যা দিন দিন বাড়ছে। প্রবীণদের সকল ধরনের অধিকার নিশ্চিত করা আমাদের সকলেরই দায়িত্ব। প্রয়োজনে আইন করে হলেও সন্তানরা যাতে তাদের বৃদ্ধ বাবা-মায়েদের দায়িত্ব নিতে বাধ্য থাকে তা নিশ্চিত করতে হবে।

বৈজ্ঞানিক সম্মেলন শেষে বিশ্ববিদ্যালয়ের ডি ব্লকের সামনে থেকে 'প্রবীণদের প্রতি বৈষম্যের বিরুদ্ধে রুখে দাঁড়ান' শীর্ষক স্লোগান নিয়ে একটি র‍্যালি বের হয়। র‍্যালিটি ক্যাম্পাসের বিভিন্ন অংশ প্রদক্ষিণ করে।